গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমের বাস্তবায়ন অগ্রগতির মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১৬ ফেব্রুয়ারি ২০২২ |
| সময় | : সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেওয়া হল।

২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও ৩টি উন্নয়ন সহায়তা এর আওতায় বাস্তবায়নাধীন স্কিমের জানুয়ারী ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং, এম.পি প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য উপস্থিত ছিলেন। এছাড়াও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ সমূহের সম্মানিত চেয়ারম্যানগণও সভায় উপস্থিত ছিলেন।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর পরিচিতি পর্ব শেষে সভার কার্যক্রম শুরু করা হয়। মাননীয় মন্ত্রীর প্রারম্ভিক বক্তব্যের পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভার আলোচ্যসূচি সভাকে অবহিত করেন এবং বলেন যে, করোনার কারণে জানুয়ারী মাসে উন্নয়ন পর্যালোচনা সভা করা সম্ভব হয়নি। অত:পর তিনি উপসচিব (পরিকল্পনা) কে আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য আহবান জানান। সে পরিপ্রেক্ষিতে উপসচিব (পরিকল্পনা) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন ।

**৩। আলোচ্যসূচি (ক):** গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:

সভায় গত ২২ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

**৪। আলোচ্যসূচি (খ):** গত ২২ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত এবং তার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

| গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| **"বান্দরবান পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক নির্মিত বিভিন্ন পল্লী সড়ক উন্নয়ন শীর্ষক" প্রকল্পের জনবল ও "খাগড়াছড়ি জেলার উপজেলা সদরের সাথে প্রত্যন্ত অঞ্চলের সংযোগ স্থাপনের লক্ষ্যে ব্রিজ ও সংযোগ সড়ক নির্মাণ" পুনর্গঠিত ডিপিপি সংক্রান্ত :**<br>ক) "বান্দরবান পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক নির্মিত বিভিন্ন পল্লী সড়ক উন্নয়ন শীর্ষক" প্রকল্পের জনবল কাঠামো অনুমোদনের লক্ষ্যে ছক মোতাবেক আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। একই সাথে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাস্তার কোড নম্বর নির্ধারন এবং প্রকল্পের কস্ট বেনিফিট এনালাইসিস দ্রুত প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে। | ক) উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, "বান্দরবান পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক নির্মিত বিভিন্ন পল্লী সড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের জনবল কাঠামো অনুমোদনের লক্ষ্যে নির্ধারিত ছক অনুযায়ী জনবলের প্রস্তাব গত ০১/০২/২০২২ তারিখ অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক রাস্তার কোড নম্বর নির্ধারণ এবং প্রকল্পের কস্ট বেনিফিট এনালাইসিস করা হয়েছে। জনবল কমিটির অনুমোদনের পর পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সভাপতি জনবল কমিটির অনুমোদনের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। |
| খ) "খাগড়াছড়ি জেলার উপজেলা সদরের সাথে প্রত্যন্ত অঞ্চলের সংযোগ স্থাপনের লক্ষ্যে ব্রিজ ও সংযোগ সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পের বিষয়ে মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | খ) উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী "খাগড়াছড়ি জেলার উপজেলা সদরের সাথে প্রত্যন্ত অঞ্চলের সংযোগ স্থাপনের লক্ষ্যে ব্রিজ ও সংযোগ সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ১৬/০২/২০২২ তারিখে মন্ত্রণালয়ে পাওয়া গেছে। সভাপতি প্রাপ্ত ডিপিপিটি দ্রুত প্রক্রিয়াকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। |
| **রাস্তার পরিচিতি কোড নম্বর প্রদান সংক্রান্ত :** | |
| ক) তিন পার্বত্য জেলা পরিষদ আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ এর মধ্যেই রাস্তার পরিচিতি কোডের তালিকা চূড়ান্ত করে | সভাকে অবগত করা হয় যে, তিন পার্বত্য জেলা পরিষদ ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে রাস্তার পরিচিতি কোডের |

| গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| পূর্ণাঙ্গ তালিকা মন্ত্রণালয়ে দাখিল করবে। তালিকা প্রাপ্তির পর সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ১০ জানুয়ারি, ২০২২ এর মধ্যে রাস্তার কোড অনুমোদনের লক্ষ্যে একটি সভা আহবান করবে। | সকল তালিকা ১২/০২/২০২২ তারিখ মন্ত্রণালয়ে পাওয়া গেছে। প্রাপ্ত রাস্তার পরিচিতি কোডের তালিকা পর্যালোচনা ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে একটি সভা আহবান করা হবে। |
| **সংশোধিত বাজেট চাহিদা সংক্রান্ত :**<br>আগামী ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সকল প্রকল্পের আরএডিপি'র জন্য বাজেট চাহিদা নির্ধারিত ছক মোতাবেক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, জানুয়রি, ২০২২ মাসে সকল প্রকল্পের আরএডিপি'র জন্য বাজেট চাহিদা নির্ধারিত ছকে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। উপসচিব (পরিকল্পনা) সভাকে আরো জানান যে, পরিকল্পনা কমিশন হতে গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলি সেক্টরে ৯৫০৭.০০ লক্ষ টাকা, কৃষি সেক্টরে ১৮১৬.০০ লক্ষ টাকা বিদ্যুৎ ও জ্বালানী সেক্টরে ৭৫০০.০০ লক্ষ টাকা এবং স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টরে ২৬৬২১.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ৪৫৪৪৪.০০ লক্ষ টাকা নির্ধারণ করেছে। পরিকল্পনা কমিশন কর্তৃক সেক্টর ভিত্তিক বরাদ্দের সিলিং অনুযায়ী প্রকল্পসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ নির্ধারণ করা হয়েছে। |
| **সমাপ্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত :**<br>ক) পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প এর পিএমইউ অংশের পিসিআর আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প এর পিএমইউ অংশের পিসিআর গত ১২/০১/২০২২ তারিখে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। |
| **প্রকল্প/স্কিম পরিদর্শন সংক্রান্ত :**<br>প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং এর জন্য মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের নিয়মিত প্রকল্প পরিদর্শন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের কার্যক্রম মন্ত্রণালয় এবং সংস্থার কর্মকর্তাগণ নিয়মিত মনিটরিং করছেন। সভাপতি রোস্টার অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নিয়মিত প্রকল্প/স্কিম এর কার্যক্রম পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। |
| **"পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্প:**<br>গণপূর্ত অধিদপ্তর মাননীয় চেয়ারম্যানের বাসভবনের সীমানা প্রাচীর ও গেইট নির্মানের জন্য আগামী ১৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে ডিজিটাল সার্ভে সম্পাদন করবে। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ডিজিটাল সার্ভে সম্পন্ন করে মাননীয় চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ ১৩.০২.২০২২ তারিখ হতে শুরু করা হয়েছে। অপর দুটি স্থানের টেন্ডার মূল্যায়নের প্রতিবেদন চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। রাঙ্গামাটি জেলার জেলা প্রশাসক এর সাথে যোগাযোগ করা হয়েছে। তিনি জানান যে, সীমানা প্রাচীর নির্মাণের কার্যক্রম শুরুর সময় কোন ধরণের সমস্যা সৃষ্টি হলে তিনি প্রয়োজনীয় সহায়তা করবেন। মাননীয় মন্ত্রী প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। |
| **"ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্প**<br>০৫ জানুয়ারি, ২০২২ তারিখে পার্বত্য মেলা আয়োজনের লক্ষ্যে ২৩ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে কমপ্লেক্স এলাকাটি ব্যবহার উপযোগী করতে হবে। | সভাকে অবগত করা হয় যে, মেলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে। |
| পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ ও পার্বত্য চট্টগ্রাম প্রত্যন্ত এলাকায় উচ্চ মূল্যের মসলা চাষ প্রকল্প সংক্রান্ত :<br>ক) ডিপিপিতে উল্লিখিত ডিজাইন অনুযায়ী নির্মিত বাজারসেডের আলোকে অবশিষ্ট বাজারসেড নির্মাণের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ ও পার্বত্য চট্টগ্রাম প্রত্যন্ত এলাকায় উচ্চ মূল্যের মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল স্থানে পানীয় জলের উৎস তৈরি করা একান্ত প্রয়োজন শুধুমাত্র সে সকল স্থানে পানীয় জলের | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>ক) ডিপিপিতে উল্লিখিত ডিজাইন অনুযায়ী নির্মিত বাজার সেড অনুযায়ী অবশিষ্ট ৯৯টি বাজারসেড নির্মাণের জায়গা নির্ধারণ করা হয়েছে।<br>খ) পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ প্রকল্পের আওতায় পানীয় জলের উৎস নির্মাণ করা হবে না এবং পার্বত্য |

| গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| উৎস তৈরির লক্ষ্যে চূড়ান্ত তালিকা আগামী ১৫ জানুয়ারি, ২০২২ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং তালিকা অনুযায়ী আগামী জুন, ২০২২ এর মধ্যে পানীয় জলের উৎস তৈরির কার্যক্রম সমাপ্ত করতে হবে। | চট্টগ্রাম প্রত্যন্ত এলাকায় উচ্চ মূল্যের মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল স্থানে পানীয় জলের উৎস তৈরির স্থান নির্বাচন করা হয়েছে তার একটি তালিকা মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শুরু করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। |
| গ) মসলা ও মিশ্র ফল চাষ সংক্রন্ত ২টি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে আগামী ১৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে ছবি ও ভিডিও মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | গ) প্রকল্প পরিচালক সভায় ২টি প্রকল্পের কার্যক্রমের ভিডিও উপস্থাপন করেন। |
| **নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা সংক্রান্ত :** তিন পার্বত্য জেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে নিজ নিজ জেলার সুপেয় পানির কভারেজ এবং ঘাটতি পূরণের জন্য করণীয় কি সে সম্পর্কিত একটি প্রতিবেদন প্রণয়ন করে আগামী ১৫ জানুয়ারি, ২০২২ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার সুপেয় পানির কভারেজ এবং ঘাটতি পূরণের জন্য কি করা প্রয়োজন সে সংক্রান্ত একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে পাওয়া গেছে। আগামী ২০২২-২০২৩ অর্থ বছরে বাস্তবায়নের জন্য বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জেলা পরিষদের মাধ্যমে নতুন ২টি প্রকল্প গ্রহণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। যা সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। খাগড়াছড়ি পার্বত্য জেলার পানীয় জল সরবরাহ সংক্রান্ত একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। |
| **তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :** জেলা পরিষদ কর্তৃক তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে সমতলে চলমান কোল্ড স্টোরেজের কার্যক্রম পরিদর্শন করে একটি সম্ভব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করতে হবে। | সভাকে অবগত করা হয় যে, জেলা পরিষদ কর্তৃক তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে সমতলের কোল্ড স্টোরেজের কার্যক্রম পরিদর্শন করা হয়নি। এ বিষয়ে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর চেয়ারম্যান জানান যে, করোনা পরিস্থিতির উর্দ্ধগতির কারনে পরিদর্শন কার্যক্রম সম্পাদন করা যায়নি। তবে আগামী মার্চ, ২০২২ মাসের মধ্যেই একটি পরিদর্শন কার্যক্রম সম্পাদন করা হবে। সভাপতি বান্দরবান ও রাঙ্গামাটি জেলাকে দ্রুত পরিদর্শন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানান। |
| **পার্বত্য মেলা-২০২২ এর স্টল বরাদ্দ কমিটি ও সাংস্কৃতিক অনুষ্ঠানে দায়িত্ব প্রদান সংক্রান্ত :** ক) আগামী ৫-৮ জানুয়ারি, ২০২২ পর্যন্ত "শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স" এলাকায় পার্বত্য মেলা, ২০২২ আয়োজনের লক্ষ্যে স্টল বরাদ্দ কমিটি দ্রুত স্টল বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। খ) বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ৫ জানুয়ারি ২০২২ যৌথভাবে, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ৬ জানুয়ারি ২০২২ এককভাবে এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ৭-৮ জানুয়ারি ২০২২ সাংস্কৃতিক অনুষ্ঠানের দায়িত্ব পালন করবেন। | সভাকে অবগত করা হয় যে, মেলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে। |

০৫। **আলোচ্যসূচি (গ):** মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের বরাদ্দ, ছাড় ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি :

ক) উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরের মোট উন্নয়ন বরাদ্দ ৮২১.০৯ কোটি টাকা। এর মধ্যে ২৩টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৭৪.৭২ কোটি টাকা, তিনটি উন্নয়ন সহায়তার অনুকূলে মোট বরাদ্দ ৪৪০.০০ কোটি টাকা এবং অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ ৬.৩৭ কোটি টাকা। ২০২১-২০২২ অর্থ বছরের ৩১ জানুয়ারি, ২০২২ মাস পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি ৩৩.৩১ % এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে এ অগ্রগতি ছিল ৩৪.৫০%। জাতীয় অগ্রগতি জানুয়ারি, ২০২২ পর্যন্ত আইএমইডি'র ওয়েব সাইটে প্রকাশিত না হওয়ায় ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অগ্রগতি দেখানো হয়েছে ২৪.০৬%। মননীয় মন্ত্রী ও সভাপতি এডিপি বাস্তবায়ন অগ্রগতি অর্থ বছর শেষে ১০০% করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাওয়ার নির্দেশনা প্রদান করেন। অত:পর সভায় প্রকল্প ভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি উপস্থাপন করা হয়। প্রকল্প পরিচালকগণ নিজ নিজ প্রকল্পের তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

খ) মাননীয় মন্ত্রী বলেন যে, "পার্বত্য এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় সোলার প্যানেল প্রদানের ক্ষেত্রে দূর্গম অঞ্চলে বসবাসরত জনসাধারণ যেন অগ্রাধিকার পায় সে বিষয়ে প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন আগামী বছর যেন প্রকল্পের সমুদয় কার্যক্রম সমাপ্ত করে মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে উদ্বোধন করা যায় সে লক্ষ্যে এখন থেকেই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন যে সকল প্রকল্প সমাপ্ত হবে তা মূল্যায়নের জন্য মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে কমিটি গঠন করে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে।

গ) সভাপতি সভাকে অবগত করেন যে, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের আওতায় নির্মিত পাড়াকেন্দ্রগুলো একই ডিজাইন অনুসরণ করে করা হচ্ছে না। নিয়ম অনুযায়ী ডিপিপি'তে একই রকম ডিজাইনের পাড়াকেন্দ্র হওয়ার কথা। পাড়াকেন্দ্রগুলো কেন একই ডিজাইনে হচ্ছে না তার কারণ সভাপতি প্রকল্প পরিচালকের নিকট জানতে চান। প্রকল্প পরিচালক জানান যে, পাড়াকেন্দ্রগুলো কমিউনিটির অংশগ্রহণের মাধ্যমে নির্মাণ করা হয়। সব কমিউনিটির আর্থিক অবস্থা একরকম নয় বলে পাড়াকেন্দ্রগুলো একই রকম হয় না। সভাপতি বলেন যে, ভবিষ্যতে সকল পাড়াকেন্দ্রগুলো একই ডিজাইনে করতে হবে যাতে দেখলেই বোঝা যায় এটি একটি পাড়াকেন্দ্র। সভাপতি পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত নতুন স্কিমের ডিপিপি অনুমোদনের সর্বশেষ অগ্রগতি জানতে চাইলে উপসচিব (পরিকল্পনা) জানান যে, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ৩টি নতুন স্কিমের ডিপিপি এখনো মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। এ বিষয়ে রাঙ্গামাটি জেলা পরিষদের নির্বাহী প্রকৌশলী জানান যে, আগামী ২০/০২/২০২২ তারিখের মধ্যে ৩টি ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

০৬। আলোচ্যসূচি (ঘ): <u>অননুমোদিত প্রকল্পের সর্বশেষ অগ্রগতি</u>

উপসচিব (পরিকল্পনা) নতুন/অননুমোদিত প্রকল্প গ্রহনের সর্বশেষ অগ্রগতি সভাকে নিম্নরূপভাবে অবহিত করেন :

(কোটি টাকায়)

| ক্র: নং | প্রকল্পের নাম (মেয়াদ) | ব্যয় (জিওবি) | প্রকল্প অনুমোদনের সর্বশেষ অবস্থা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | রাংগামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ ড্রেন নির্মাণ<br>(জানুয়ারি ২০২২ হতে জুন ২০২৪)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৮.৬৮ | প্রকল্পটি অননুমোদিত প্রকল্প হিসেবে এডিপি'র সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। ১৯/১২/২০২১ তারিখ প্রকল্পটির উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের জনবল অনুমোদনের বিষয়ে গত ০১/০২/২০২২ তারিখ অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ২. | রাংগামাটি পার্বত্য পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ<br>(জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২৫)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৮.৮৬ | গত ০৯/০১/২০২২ তারিখ প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৫/০২/২০২২ তারিখ কার্যবিবরণী জারি করা হয়েছে। |
| ৩. | বান্দরবান পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক নির্মিত বিভিন্ন পল্লী সড়ক<br>( জানুয়ারি ২০২১ হতে জুন /২০২৩)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৯.৬৫ | গত ০১/১২/২০২১ তারিখ প্রকল্পটির উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের জনবল অনুমোদনের বিষয়ে গত ০১/০২/২০২২ তারিখ অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ৪. | খাগড়াছড়ি জেলার উপজেলা সদরের সাথে প্রত্যন্ত অঞ্চলের সংযোগ স্থাপনের লক্ষ্যে ব্রীজ ও সংযোগ সড়ক নির্মাণ<br>(জানুয়ারি ২০২২ হতে জুন ২০২৬)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৯.৪৫ | যাচাই কমিটি সভা হয়েছে। যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি ১৬/০২/২০২২ তারিখ মন্ত্রণালয়ে পাওয়া গেছে। |
| ৫. | খাগড়াছড়ি জেলাস্থ লক্ষীছড়ি উপজেলা সদর হতে বার্মাছড়ি বাজার পর্যন্ত সড়ক নির্মাণ<br>( ডিসেম্বর ২০২১ হতে জুন ২০২৫)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৮.৭০ | প্রকল্পটির ডিপিপি ১/১১/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে । এখনও পিইসি সভা হয়নি। |
| ৬. | বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলা সদরের সাথে প্রত্যন্ত অঞ্চলের সংযোগ স্থাপনের লক্ষ্যে সড়ক নির্মাণ<br>(এপ্রিল ২০২২ হতে জুন ২০২৫)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৯.৮০ | সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ৭. | খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত সড়ক উন্নয়ন<br>( জানুয়ারি ২০২২ হতে জুন ২০২৬)<br>বাস্তবায়নকারী সংস্থা:পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | ৪৮.০০ | সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ৮. | পার্বত্য চট্টগ্রাম জেলায় পযটন ব্যবস্থার উন্নয়নের জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হর্টিকালচার পার্ক উন্নয়ন<br>( মার্চ ২০২২ হতে জুন ২০২৪)<br>বাস্তবায়নকারী সংস্থা: খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ | ৪৯.৫০ | সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |

| ক্র: নং | প্রকল্পের নাম (মেয়াদ) | ব্যয় (জিওবি) | প্রকল্প অনুমোদনের সর্বশেষ অবস্থা |
|---|---|---|---|
| ৯. | রাংগামাটি জেলার প্রত্যন্ত অঞ্চলসমূহের বিদ্যুৎবিহীন এলাকায় সোলার সাবমারসিল পাম্পযুক্ত নলকূপ ও সোলার চালিত পানির উৎসসহ কমিউনিটি ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন<br>(জুলাই ২০২২ হতে জুন ২০২৪)<br>বাস্তবায়নকারী সংস্থা:রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ | ৪৮.৭১ | সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ১০. | বান্দরবান জেলার বিভিন্ন উপজেলার রেইন ওয়াটার হারবেষ্টিং জার ও অন্যান্য প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানীয় জল সরবরাহকরণ<br>(ডিসেম্বর ২০২১ হতে জুন ২০২৪)<br>বাস্তবায়নকারী সংস্থা: বান্দরবান পার্বত্য জেলা পরিষদ | ৪৯.৮২ | সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |

৭। **আলোচ্যসূচি (ঙ):** বিবিধ

সভাপতি জেলা পরিষদের নিয়োগ সংক্রান্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, পার্বত্য জেলা পরিষদ কর্তৃক বিভিন্ন পদে নিয়োগ কার্যক্রমের জন্য মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়ন চাওয়ার ক্ষেত্রে দেখা যায়, নিয়োগ কার্যক্রম শুরুর পর লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কর্মকর্তা মনোনয়নের জন্য মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়। তবে এই প্রক্রিয়াটি সঠিক নয়। আগামীতে সংস্থা কর্তৃক নিয়োগ প্রক্রিয়া শুরুর পূর্বেই গঠিত কমিটি অনুযায়ী মন্ত্রণালয়ের কর্মকর্তা মনোনয়ন চাইতে হবে।

০৮। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ৮.১ | প্রকল্প যাচাই কমিটির সভা আহবান সংক্রান্ত :<br>"খাগড়াছড়ি জেলার উপজেলা সদরের সাথে প্রত্যন্ত অঞ্চলের সংযোগ স্থাপনের লক্ষ্যে ব্রিজ ও সংযোগ সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াকরণের লক্ষ্যে দ্রুত প্রকল্প যাচাই কমিটির সভা আহবান করতে হবে। | উপসচিব (পরিকল্পনা) |
| ৮.২ | রাস্তার পরিচিতি কোড নম্বর প্রদান সংক্রান্ত :<br>তিন পার্বত্য জেলা পরিষদ ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে প্রাপ্ত রাস্তার পরিচিতি কোডের তালিকা পর্যালোচনার ও অনুমোদনের লক্ষ্যে দ্রুত সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহবান করতে হবে। | উপসচিব (পরিকল্পনা) |
| ৮.৩ | প্রকল্প/স্কিম পরিদর্শন সংক্রান্ত :<br>প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং এর জন্য মন্ত্রণালয় হতে জারিকৃত রোস্টার অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নিয়মিত প্রকল্প/স্কিম এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের নিয়মিত প্রকল্প পরিদর্শন করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/ বান্দরবান /খাগড়াছড়ি |
| ৮.৪ | "পার্বত্য এলাকায় সোলার প্যানের স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত :<br>"পার্বত্য এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় সোলার সিস্টেম বিতরণের ক্ষেত্রে দূর্গম অঞ্চলে বসবাসরত জনসাধারণকে প্রথমে দিতে হবে। আগামী বছর প্রকল্পের সমুদয় কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে কাজ করতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পটি উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৮.৫ | তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :<br>জেলা পরিষদ কর্তৃক তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে সমতলের কোল্ড স্টোরেজের কার্যক্রম ১৫ মার্চ, ২০২২ এর মধ্যে পরিদর্শন করে একটি সম্ভব্যতা সমীক্ষা প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে। | পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/ বান্দরবান/খাগড়াছড়ি |
| ৮.৬ | "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান" প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত :<br>"পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান" প্রকল্পের আওতায় ভবিষ্যতে পাড়াকেন্দ্র নির্মাণের ক্ষেত্রে একই ডিজাইন অনুসরণ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| | করতে হবে। | |
| ৮.৭ | রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের অবশিষ্ট ৩টি স্কিমের ডিপিপি অনুমোদন সংক্রান্ত :<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক গৃহীত অবশিষ্ট ৩টি নতুন স্কিমের ডিপিপি আগামী ২০/০২/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ |
| ৮.৮ | জেলা পরিষদ কর্তৃক নিয়োগ কার্যক্রমের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত :<br>পার্বত্য জেলা পরিষদ কর্তৃক যে কোন নিয়োগ কার্যক্রম শুরুর পূর্বেই মন্ত্রণালয় হতে ১ জন প্রতিনিধি চাইতে হবে; যাতে সম্পূর্ণ নিয়োগ কার্যক্রমের সাথে উক্ত কর্মকর্তা সম্পৃক্ত থাকতে পারেন। | পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/ বান্দরবান/খাগড়াছড়ি |

৯। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৩/০৩/২০২২
(মোসাম্মৎ হামিদা বেগম )
সচিব

নং-২৯.০০.০০০০.২২৫.১৬.০১৬.২১-৪৫

তারিখ ঃ ০৬ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট-১৮)।
৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: পরিচালক-১২)।
৫. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৬. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৭. সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৮. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৯. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
১০. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
১১. বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
১২. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান ।
১৩. জাতীয় প্রকল্প পরিচালক, "স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস" শীর্ষক প্রকল্প ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
১৫. অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, "ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প ও যুগ্মসচিব (উন্নয়ন),পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, PWD প্রজেক্ট সার্কেল-২, ঢাকা, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১৮. উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান ।
২০. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ভবন নির্মাণ(বিশেষ সংশোধিত)" শীর্ষক প্রকল্প ও উসচিব (পরিকল্পনা), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২১. সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. প্রকল্প পরিচালক, "রাংগামাটি পৌরসভাসহ সকল উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি ।
২৩. প্রকল্প পরিচালক, "বান্দরবান জেলার বিভিন্ন উপজেলার পাথুরে এলাকায় জিএফএস ও সকল এলাকায় ডিপটিউবওয়েলের মাধ্যমে সুপেয় পানীয় জল সরবরাহকরণ" শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।

[অ:পৃ:দ্র:]

২৪. প্রকল্প পরিচালক, "খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি ।

২৫. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

২৬. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

২৭. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন" শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

২৮. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

২৯. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ" শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

৩০. প্রকল্প পরিচালক, " Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)" শীর্ষক প্রকল্প ও নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি।

৩১. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ঢাকা।

৩২. চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩৩. নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।

৩৪. প্রকল্প পরিচালক, "বান্দরবান পার্বত্য জেলার পল্লী অবকাঠামো নির্মান " শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান ।

৩৫. প্রকল্প পরিচালক, "বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্প পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

৩৬. প্রকল্প পরিচালক, "বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাইখালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ" শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

৩৭. প্রকল্প পরিচালক, "বান্দরবান পার্বত্য জেলার গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

৩৮. প্রকল্প পরিচালক, "বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ" শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

৩৯. প্রকল্প পরিচালক, "খাগড়াছড়ি পার্বত্য জেলায় বিভিন্ন উপজেলার সাথে প্রত্যন্ত জনপদের সাথে উপজেলা সদরের যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে গ্রামীন সড়ক অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি।

৪০. প্রকল্প পরিচালক "খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ" শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি।

৪১. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ " শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি।

৪২. নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ১৫ আব্দুল গণি রোড, ঢাকা ।

৪৩. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।

৪৪. নির্বাহী প্রকৌশলী, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।

৪৫. জনাব আহমেদ বশীর উদ্দিন, তত্ত্বাবধায়ক স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।

৪৬. জনাব ইফতেখারুল আমিন, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।

৪৭. জনাব মো: জাহাঙ্গীর আলম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রাংগামাটি।

৪৯. প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ(১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

৫০. প্রকল্প পরিচালক "পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় উচ্চ মূল্যের মসলা চাষ" শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

৫১. ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, "স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্র্যাক্টস" শীর্ষক প্রকল্প, আইডিবি ভবন আগারগাঁও, ঢাকা-১২০৭।

৫২. উপ-পরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, বান্দরবান।

৫৩. সমন্বয় কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

৫৪. জনাব ওয়াহিদ পলাশ, সহকারী প্রোগ্রামার/জনাব এ এ মং, আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

(কাজী মোখলেছুর রহমান) ০৬/৬/22
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০০৭
ই-মেইল : mokles_bd@yahoo.com